




ELECTRICITY GENERATION COMPANY OF BANGLADESH LIMITED

(An Enterprise of Bangladesh Power Development Board)

Office of the Chief Engineer

Siddhirganj 2x120 MW Peaking Power Plant, Siddhirganj, Narayanganj

Tel: 880-2-7691283, Fax: 880-2-7691280, E-mail: mostafizur.rahaman@egcb.com.bd



তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কিত লিফলেট

লিফলেট নম্বর -১

তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নিম্নোক্ত বিষয় সমূহ প্রকাশযোগ্য তথ্য হিসেবে পরিগণিতঃ

- ক) কর্তৃপক্ষের গঠন ও কাঠামো
- খ) দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, দরপত্র দলিল
- গ) নকশা, মানচিত্র, চুক্তি,
- ঘ) পরিচালন ও সংরক্ষন সংক্রান্ত তথ্য-উপাত্ত, লগ বই,
- ঙ) অফিস আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, সাধারণ প্রতিবেদন,
- চ) হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব,
- ছ) বিদ্যুৎ কেন্দ্রের আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিতচিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ডকুমেন্ট

নিম্নোক্ত বিষয় সমূহ প্রকাশযোগ্য তথ্য হিসেবে পরিগণিত নয়ঃ

- (ক) বাংলাদেশের নিরাপত্তা, অখণ্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হইতে পারে এইরূপ তথ্য;
- (খ) পররাষ্ট্রনীতির কোন বিষয় যাহার দ্বারা বিদেশী রাষ্ট্রের অথবা আন্তর্জাতিক কোন সংস্থা বা আঞ্চলিক কোন জোট বা সংগঠনের সহিত বিদ্যমান সম্পর্ক ক্ষুণ্ণ হইতে পারে এইরূপ তথ্য;
- (গ) কোন বিদেশী সরকারের নিকট হইতে প্রাপ্ত কোন গোপনীয় তথ্য;
- (ঘ) তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হইতে পারে এইরূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Right) সম্পর্কিত তথ্য
- (ঙ) কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করিতে পারে এইরূপ নিম্নোক্ত তথ্য,
- (চ) প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্ত হইতে পারে বা অপরাধ বৃদ্ধি পাইতে পারে এইরূপ তথ্য;
- (ছ) জনগণের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কার্য ব্যাহত হইতে পারে এইরূপ তথ্য
- (জ) কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণ হইতে পারে এইরূপ তথ্য;
- (ঝ) কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হইতে পারে এইরূপ তথ্য;
- (ঞ) আইন প্রয়োগকারী সংস্থার সহায়তার জন্য কোন ব্যক্তি কর্তৃক গোপনে প্রদত্ত কোন তথ্য;
- (ট) আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যাহা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রহিয়াছে অথবা যাহার প্রকাশ আদালত অবমাননার শামিল এইরূপ তথ্য
- (ঠ) তদন্তাধীন কোন বিষয় যাহার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাইতে পারে এইরূপ তথ্য;
- (ড) কোন অপরাধের তদন্ত প্রক্রিয়া এবং অপরাধীর গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করিতে পারে এইরূপ তথ্য;
- (ঢ) আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্যবাধকতা রহিয়াছে এইরূপ তথ্য;
- (ণ) কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্ছনীয় এইরূপ কারিগরী বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোন তথ্য;
- (ত) কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হইবার পূর্বে বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা উহার কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য
- (থ) জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হইতে পারে এইরূপ তথ্য
- (দ) পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য

মোঃ নাজমুল হাসান

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংরক্ষন) ও

তথ্য প্রদানকারী কর্মকর্তা, সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃ ওঃ পিপিপি, ইজিসিবি লিঃ